



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে জয়া স্যানিটারি ন্যাপকিনের প্রযোজনায় অনুষ্ঠিত হলো 'ফার্মা ফেস্ট ২০২৫'

জয়া স্যানিটারি ন্যাপকিনের প্রযোজনায় এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বিভাগ ও নর্থ সাউথ ইউনিভার্সিটি ফার্মাসিউটিক্যাল ক্লাব (এনএসইউপিসি)-এর যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হলো দুই দিনব্যাপী 'ফার্মা ফেস্ট ২০২৫'। গত ৫ ও ৬ নভেম্বর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই উৎসব শিক্ষাগত উৎকর্ষ, শিল্প একাডেমিক সহযোগিতা এবং ফার্মেসি শিক্ষার্থীদের সৃজনশীলতা ও উদ্ভাবনকে উদ্দ্যাপন করেছে।

ফেস্টের উদ্বোধন হয় ৫ নভেম্বর, সকালে অনুষ্ঠিত ফার্মা ডিবেট ও ফার্মা অলিম্পিয়াড প্রতিযোগিতার মাধ্যমে। এতে সারা দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি শিক্ষার্থীরা অংশগ্রহণ করে তাঁদের জ্ঞান ও প্রতিযোগিতার মনোভাবের অসাধারণ প্রকাশ ঘটান। বিকেলে অনুষ্ঠিত হয় "ইন্ডাস্ট্রিয়াল অ্যাডভাইজরি বোর্ড ও লিডারস মিটআপ", যেখানে একাডেমিয়া ও শিল্পখাতের বিশেষজ্ঞরা ফার্মাসিউটিক্যাল শিল্পের ভবিষ্যৎ ও চ্যালেঞ্জ নিয়ে গঠনমূলক আলোচনা করেন। দিনটির সমাপ্তি ঘটে প্রাণবন্ত অ্যালামনাই নাইটের মাধ্যমে, যেখানে সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা আনন্দঘন পরিবেশে মিলিত হন। ৬ নভেম্বর সকালে ফেস্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মি. সৈয়দ এস. কায়সার কবির, সিইও ও ম্যানেজিং ডিরেক্টর, রেনাটা পিএলসি। তিনি ফার্মাসিউটিক্যাল খাতে উদ্ভাবন, নৈতিকতা ও উদ্যোক্তা মানসিকতার গুরুত্ব নিয়ে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ

রেডিয়ান্ট ফার্মাসিউটিক্যালস), এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিলের সাধারণ সম্পাদক মো. মাহবুবুল আলম। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অফ ট্রাস্টিজ সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন মো. বেনাঞ্জির আহমেদ, মি. এম. এ. কাশেম, এবং মি. আজিজ আল কায়সার (টিটো)।



অনুষ্ঠানের শেধে ফ্যাকাল্টি অ্যাডভাইজার আদিত মুক্তাদির পাভেল ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উদ্বোধন করেন 'ফার্মা ম্যাগাজিন' ও 'ফার্মা এক্সিবিশন'-এর। বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে স্থাপিত বিভিন্ন স্টলে নামী ফার্মাসিউটিক্যাল কোম্পানি ও শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প প্রদর্শিত হয়, যা একাডেমিয়া ও ইন্ডাস্ট্রির মধ্যে এক উজ্জ্বল সেতুবন্ধন তৈরি করে। দুই দিনব্যাপী ফেস্টের সমাপ্তি ঘটে সমাপনী বক্তব্য ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে।

সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আব্দুল হান্নান চৌধুরী, উপ-উপাচার্য ও ট্রেজারার প্রফেসর ড. আব্দুর রব খান, সাইফ নাসের (ম্যানেজিং ডিরেক্টর, এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড), জারিন কারিম (ম্যানেজিং ডিরেক্টর, ওবিয়ান ফার্মাসিউটিক্যালস)

বক্তব্য প্রদান করেন প্রফেসর ড. মোহাম্মদ হোসেন শাহরিয়ার, প্রফেসর ড. দিপাক কুমার মিত্র, প্রফেসর ড. আব্দুর রব খান, এবং বোর্ড অফ ট্রাস্টিজ সদস্যগণ। পরে প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয় এবং মাননীয় অতিথিদের সাংস্কৃতিক পরিবেশনায়